# প্রযুক্তিবিষয়ক কিছু প্রচলিত শব্দ

তাসনুভা মাহ্‌মুদ

প্রযুক্তিবিশ্বে কমপিউটার ব্যবহারকারীরা প্রতিনিয়ত কিছু না কিছু টেকনিক্যাল টার্মের মুখোমুখি হন, যেগুলো সম্পর্কে অনেক ব্যবহারকারীরই তেমন কোনো স্বচ্ছ ধারণা নেই। এসব টার্ম আমরা সাধারণ ব্যবহারকারীরা অনেকটা অন্ধের মতো ব্যবহার করে থাকি। এ ধরনের ব্যবহারকারীরা পেশাগত জীবনে অনেক সময় সমস্যায় পড়েন। কমপিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ পাঠশালায় এবার উপস্থাপন করা হয়েছে কমপিউটার বিশ্বে কিছু সুপরিচিত শব্দ নিয়ে। শব্দগুলো ইংরেজি বর্ণক্রমানুসারে সাজানো হয়েছে কিছু পরিচিত টেকনিক্যাল টার্ম দিয়ে, যেগুলো সম্পর্কে সাধারণ ব্যবহারকারীর তেমন স্বচ্ছ ধারণা নেই।

**অ্যান্ড্রয়িড :** স্মার্টফোন ও ট্যাবলেট ডিভাইসের জন্য একটি লিনআক্সভিত্তিক ওপেনসোর্স অপারেটিং সিস্টেম, যা ডেভেলপ করে গুগল।

**এপিজি :** এর সম্পূর্ণ রূপ হলো অ্যান্ড্রয়িড প্রাইভেসি গার্ড। এটি অ্যান্ড্রয়িড স্মার্টফোনের জন্য FOSS (ফ্রি অ্যান্ড ওপেনসোর্স সফটওয়্যার) অ্যাপ, যা ওপেনপিজিপি অ্যানক্রিপশন সুবিধা দিয়ে থাকে। এটি K9 মেইলের সাথে সমন্বিত করা যেতে পারে।

**.apk ফাইল :** এই ফাইল এক্সটেনশন অ্যান্ড্রয়িড অ্যাপের জন্য ব্যবহার হয়।

**অ্যাপ স্টোর :** এটি একটি ডিফল্ট ভাণ্ডার, যেখান থেকে আইফোন অ্যাপ্লিকেশন পাওয়া যাবে এবং ডাউনলোড করা যাবে।

**অ্যাভাস্ট :** একটি ফ্রিওয়্যার অ্যান্টিভাইরাস টুল।

**বায়োস (বেসিক ইনপুট/আউটপুট সিস্টেম) :** একটি কমপিউটারের প্রথম এবং সবচেয়ে গভীরতম লেভেলের সফটওয়্যার। আপনার কমপিউটারের স্টার্টআপ পাসওয়ার্ডসহ সংশ্লিষ্ট অ্যাডভান্স প্রেফারেন্স সেট করার সুযোগ অনুমোদন করে বায়োস। বায়োস হলো বেসিক ইনপুট/আউটপুট সিস্টেমের সংক্ষিপ্ত রূপ।

**ব্ল্যাকবেরি :** ব্ল্যাকবেরি হলো একটি স্মার্টফোনের ব্র্যান্ড, যা ব্ল্যাকবেরি অপারেটিং সিস্টেমে রান করে। এটি ডেভেলপ করে রিসার্চ ইন মোশন (RIM)।

**ব্ল্যাকলিস্ট :** ব্লক করা ওয়েবসাইট ও অন্যান্য ইন্টারনেট সার্ভিসেস লিস্ট, যেখানে সহজে অ্যাক্সেস করা যায় না রেস্ট্রিকটেড তথা সীমাবদ্ধ ফিল্টারিং পলিশির কারণে।

**ব্লুটুথ :** অল্প দূরত্বে ফিক্সড ও মোবাইল ডিভাইস থেকে ডাটা এক্সচেঞ্জ তথা বিনিময়ের জন্য ভৌত অর্থাৎ ফিজিক্যাল ওয়্যারলেস কমিউনিকেশন স্ট্যান্ডার্ড। ব্লুটুথ ব্যবহার করে শর্ট ওয়েবলেংথ রেডিও ট্রান্সমিশন।

**বুটিং :** কমপিউটার স্টার্টআপের বা সক্রিয় হওয়ার কাজ।

**সিক্লিনার :** সিক্লিনার হলো একটি ফ্রিওয়্যার টুল, যা টেম্পোরারি ফাইল অপসারণ করে এবং সম্প্রতি ব্যবহারকারী যেসব প্রোগ্রাম ব্যবহার করেছেন হার্ডডিস্কে, সেসব প্রোগ্রামের থেকে যাওয়া চিহ্ন এবং উইন্ডোজ অপারেটিং সিস্টেমের নিজস্ব গুরুত্বপূর্ণ সংবেদনশীল চিহ্নগুলো অপসারণ করে।

**সিডি বার্নার :** কমপিউটার সিডিরম ড্রাইভ খালি সিডিতে ডাটা টাইপ করতে পারে। ডিভিডি বার্নার একই ধরনের কাজ করতে পারে খালি ডিভিডিতে। সিডি রাইটার ও ডিভিডি রাইটার একাধিকবার একই সিডি-আরডব্লিউ বা ডিভিডি আরডব্লিউ ডিস্ক তথ্য ডিলিট ও রিরাইট করতে পারে।

**সারকমভেনশন :** ব্লক ওয়েবসাইট ও অন্যান্য ইন্টারনেট অ্যাক্সেসের জন্য ইন্টারনেট ফিল্টারকে এড়িয়ে যাওয়ার জন্য কাজ বা আচরণ।

**ক্লেম উইন :** এটি উইন্ডোজের জন্য একটি FOSS অ্যান্টিভাইরাস প্রোগ্রাম।

**কোবিয়ান ব্যাকআপ :** একটি FOSS ব্যাকআপ টুল। কোবিয়ানের অতি সাম্প্রতিক ভার্সনের ফ্রিওয়্যার ভার্সনের খুব কাছাকাছি। তবে আগের ভার্সনগুলো অবমুক্ত হতো FOSS হিসেবে।

**কমোডো ফায়ারওয়াল :** একটি ফ্রিওয়্যার ফায়ারওয়াল টুল।

**কুকি :** ব্রাউজারের মাধ্যমে কমপিউটারে সেভ হওয়া একটি ছোট ফাইল বা তথ্য স্টোর করার বা ব্যবহারকারীরকে শনাক্ত করার জন্য একটি বিশেষ ওয়েবসাইট।

**ক্রিপটোনাইট :** অ্যান্ড্রয়িড স্মার্টফোন ফাইল এনক্রিপশনের জন্য একটি FOSS অ্যাপ।

**ডিজিটাল সিগনেচার :** কোনো ব্যক্তি যিনি দাবি করেন যে বিশেষ কোনো ফাইল বা মেসেজ তিনি পাঠিয়েছেন তা এনক্রিপশন ব্যবহারের মাধ্যমে প্রমাণ করে দেখানোর উপায়।

**ডোমেইন নেম :** ওয়ার্ডে ওয়েবসাইট বা ইন্টারনেট সার্ভিসেস ঠিকানা যেমন– www.security\nabox.org

**ইডিজিই, জিপিআরএস, ইউএমটিএস :** অ্যানহেন্সড ডাটা রেটস ফর জিএসএম ইভোলিউশন (EDGE), জেনারেল প্যাকেট রেডিও সার্ভিস (GPRS) এবং ইউনিভার্সেল মোবাইল টেলিকমিউনিকেশন সিস্টেম (UTPTS) ইত্যাদি হলো এমন টেকনোলজি, যেগুলো মোবাইল ডিভাইসকে ইন্টারনেটের সাথে যুক্ত করে।

**এনক্রিপশন :** এনক্রিপ্ট করার জন্য সুকৌশলে গণিত ব্যবহার করার উপায় বা স্ক্র্যামবল তথ্য যাতে এটি এনক্রিপ্ট করা যায় এবং কারও মাধ্যমে পড়া বিশেষ কারও মাধ্যমে পড়া যায়, যাদের কাছে বিশেষ কিছু তথ্য থাকে, যেমন– পাসওয়ার্ড বা এনক্রিপশন কী।

**ইঙ্গিমেইল :** থান্ডারবার্ড ই-মেইল প্রোগ্রামের জন্য একটি অ্যাড-অন, যা এনক্রিপ্ট করা ও ডিজিটালভাবে সাইন করা ই-মেইল সেন্ড এবং রিসিভ করা অনুমোদন করে।

**ইরেজার :** কমপিউটার বা রিমুভাল স্টোরেজ ডিভাইস থেকে নিরাপদে ও স্থায়ীভাবে তথ্য ডিলিট করার জন্য একটি টুল।

**এফ-ড্রায়োড :** একটি বিকল্প রিপোজিটরি, যেখান থেকে অনেক অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন পাওয়া যাবে ও ডাউনলোড করা যাবে।

**ফায়ারফক্স :** একটি জনপ্রিয় FOSS ওয়েব ব্রাউজার, যা মাইক্রোসফট ইন্টারনেট এক্সপ্লোরারের বিকল্প।

**ফায়ারওয়াল :** এমন এক টুল, যা কমপিউটারকে অবিশ্বস্ত সংযোগ বা লোকাল নেটওয়ার্ক এবং ইন্টারনেট থেকে রক্ষা করে।

**ফ্রি অ্যান্ড ওপেনসোর্স সফটওয়্যার :** সফটওয়্যারের এ পরিবার বিনা পয়সায় পাওয়া যায় এবং সফটওয়্যার টেস্ট, শেয়ার করা ও মডিফাই করার ক্ষেত্রে ব্যবহারকারীর জন্য আইনগত কোনো সীমাবদ্ধতা নেই।

**গিববারবট :** অ্যান্ড্রয়িডের জন্য একটি ফ্রি অ্যান্ড ওপেনসোর্স সফটওয়্যার (FOSS) অ্যাপ, যা এক্সএমপিপি প্রটোকলে নিরাপদ চ্যাটের সুবিধা দেয় (এটি গুগল টকের মাধ্যমেও ব্যবহার হয়)। এটি off the record-এর সাথে কম্প্যাটিবল এবং যদি Orbot-এর সাথে যুক্ত হয়ে কাজ করে, তাহলে Tor নেটওয়ার্ক জুড়ে চ্যাট রুট করতে পারে।

**গুগল প্লে :** ডিফল্ট রিপোজিটরি বা ভাণ্ডার, যেখান থেকে অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন খুঁজে পাওয়া যাবে এবং ডাউনলোড করা যাবে।

**জিএনইউ/লিনআক্স :** মাইক্রোসফট উইন্ডোজের বিকল্প একটি ফ্রি অ্যান্ড ওপেন সোর্স সফটওয়্যার তথা FOSS অপারেটিং সিস্টেম, যা মাইক্রোসফট উইন্ডোজের বিকল্প।

**জিপিএস (গ্লোবাল পজিশনিং সিস্টেম) :** একটি স্থানভিত্তিক গ্লোবাল নেভিগেশন স্যাটেলাইট সিস্টেম, যা সব আবহাওয়ায় লোকেশন ও সময়ের তথ্য যেকোনো জায়গা ▸

থেকে যেকোনো সময় তথ্য দেয়, বিশেষ করে বাধাহীন স্কাইভিউ থেকে।

**গার্ডিয়ান প্রজেক্ট :** একটি অর্গানাইজেশন, যা তৈরি করে স্মার্টফোন অ্যাপস, মোবাইল ডিভাইস অপারেটিং সিস্টেম অ্যানহেন্সমেন্ট এবং গোপনীয়তা ও নিরাপত্তার বিষয় মাথা রেখে কাস্টোমাইজ করে।

**হ্যাকার :** আমাদের কাছে বহুল পরিচিত এক শব্দ। এ লেখায় ম্যালিশাস কমপিউটার ক্রিমিনাল যেটি ব্যবহরকারীর গুরুত্বপূর্ণ তথ্যে অ্যাক্সেসের চেষ্টা করে অথবা প্রত্যন্ত অঞ্চল থেকে অর্থাৎ দূর থেকে ব্যবহারকারীর কমপিউটারের নিয়ন্ত্রণ নিতে চেষ্টা করে।

**আইফোন :** অ্যাপলের ডিজাইন করা স্মার্টফোনের একটি ব্র্যান্ড, যা অ্যাপলের আইওএস অপারেটিং সিস্টেমচালিত।

**ইন্টারনেট প্রটোকল অ্যাড্রেস :** কমপিউটার যখন ইন্টারনেটে যুক্ত করা হয়, তখন কমপিউটারে অ্যাসাইন করা হয় একটি ইউনিক আইডেন্টিফায়ার, যাকে ইন্টারনেট প্রটোকল অ্যাড্রেস তথা আইপি অ্যাড্রেস বলা হয়।

**ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার :** যে কোম্পানি বা অর্গানাইজেশন আপনার প্রাথমিক ইন্টারনেট লিঙ্ক দিয়ে থাকে। বিশ্বের অনেক দেশের সরকার ইন্টারনেটের ওপর নিয়ন্ত্রণ আরোপ তথা ক্ষমতা প্রয়োগ করে অর্থাৎ ফিল্টারিং এবং নজর রাখে আইএসপির মাধ্যমে, যারা ইন্টারনেটকে ওই দেশে অপারেট করে।

**ইনফ্রারেড ডাটা অ্যাসোসিয়েশন :** ইনফ্রারেড স্পেকট্রাম লাইট ব্যবহার করে অল্প রেঞ্জে ডাটা এক্সচেঞ্জের জন্য ভৌত ওয়্যারলেস কমিউনিকেশন স্ট্যান্ডার্ড। আধুনিক ডিভাইসে ব্লুটুথের মাধ্যমে আইআরডিএ প্রতিস্থাপিত হয়।

**জাভা অ্যাপ্লিকেশন্স :** ক্রসপ্ল্যাটফরমের একটি ছোট প্রোগ্রাম, যা অনেক অপারেটিং সিস্টেমের মধ্যে রান করা যায়। ওয়েব পেজে উন্নত ফাংশনালিটি দেয়ার জন্য এগুলো সচরাচর ব্যবহার হয়।

**জেইলব্রেকিং :** আইফোনে আনলকিং ফিচারের প্রসেস, যেগুলো ম্যানুফেকচারারের মাধ্যমে অথবা মোবাইল বহনকারীর মাধ্যমে ব্লক করা থাকে, যাতে অপারেটিং সিস্টেমে সম্পূর্ণ অ্যাক্সেসের সুবিধা পাওয়া যায়।

**কে৯ মেইল :** অ্যান্ড্রয়িড স্মার্টফোনের জন্য একটি FOSS ই-মেইল ক্লায়েন্ট, যা এনাবল করে OpenPGP এনক্রিপশন, যখন APG অ্যাপ্লিকেশনের সাথে ব্যবহার হয়।

**কিলগার :** কমপিউটারের কিবোর্ডে আপনি কোন ধরনের কি-তে প্রেস করেছেন কিলগার নামের একটি স্পাইওয়্যার তা রেকর্ড করে রাখে এবং এ তথ্য থার্ডপার্টির কাছে পাঠিয়ে দেয়। কিলগার সচরাচর ব্যবহার হয় ই-মেইল ও অন্যান্য পাসওয়ার্ড চুরি করার জন্য।

**কীপাস :** একটি ফ্রিওয়্যর, যা পাসওয়ার্ড ডাটাবেজ সিকিউর তথা রক্ষা করে।

**লাইভসিডি :** এটি এমন এক সিডি, যা আপনার কমপিউটারকে অস্থায়ীভাবে ভিন্ন অপারেটিং সিস্টেম রান করানোর সুযোগ দেয় বা অনুমোদন করে।

**ম্যালওয়্যার :** ভাইরাস, স্পাইওয়্যার, ট্রোজান এবং অন্যান্য এ ধরনের হুমকির জন্য অর্থাৎ সব ধরনের ক্ষতিকর সফটওয়্যারের জন্য এটি একটি সাধারণ টার্ম।

**নিমোনিক ডিভাইস :** একটি সাধারণ কৌশল, যা ব্যবহারকারীকে জটিল পাসওয়ার্ড মনে রাখতে সহায়তা করে।

**নোস্ক্রিপ্ট :** ফায়ারফক্স ব্রাউজারের জন্য একটি সিকিউরিটি অ্যাড অন, যেগুলো ব্যবহারকারীকে রক্ষা করে ক্ষতিকর প্রোগ্রাম থেকে, যা উপস্থাপন করতে পারে অপরিচিত ওয়েবপেজ থেকে।

**অবস্ক্যারাক্যাম :** অ্যান্ড্রয়িড স্মার্টফোনের জন্য FOSS অ্যাপ, যা জনসাধারণের আইডেন্টেটি সংরক্ষণ করে ফটোগ্রাফের ফেস-ব্লারিংয়ের এডিটিংয়ের সুবিধা দেয়ার মাধ্যমে।

**অরবট :** অ্যান্ড্রয়িড স্মার্টফোনের জন্য একটি FOSS অ্যাপ, যা অ্যাপসগুলোকে এনাবল করে টর (Tor) নেটওয়ার্কে যুক্ত করার জন্য। যেমন Orweb ও Gibberbot।

**অরওয়েব :** অ্যান্ড্রয়িড স্মার্টফোনের জন্য FOSS ওয়েব ব্রাউজার, যেটি ব্যবহার হয় অরবটের সাথে মিলিত হয়ে টর নেটওয়ার্কে ব্রাউজিং সুবিধা দেয়।

**অফ দ্য রেকর্ড :** পিডিজি ইনস্ট্যান্ট মেসেজিং প্রোগ্রামের জন্য এটি একটি এনক্রিপশন প্লাগইন।

**প্রক্সি :** একটি মধ্যস্থতাকারী সার্ভিস, যার মাধ্যমে আপনি কিছু চ্যানেল করতে পারবেন অথবা আপনার সব ইন্টারনেট কমিউনিকেশন এবং যা ব্যবহার হতে পারে ইন্টারনেট সেন্সরশিপ বাইপাস করতে। প্রক্সি হতে পারে পাবলিক অথবা এতে অ্যাক্সেসের জন্য ইউজার নেম ও পাসওয়ার্ডসহ লগইন করতে হবে। শুধু কয়েকটির প্রক্সি নিরাপদ, যার অর্থ তথ্যের গোপনীয়তা রক্ষার জন্য ব্যবহার করা উচিত এনক্রিপশন, যা ইন্টারনেট সার্ভিস ও কমপিউটারের মধ্য দিয়ে পাস করতে প্রক্সির মাধ্যমে কানেক্ট হবে।

**প্রোপাইটরি সফটওয়্যার :** ফ্রি ও ওপেন সোর্স সফটওয়্যারের উল্টো। এই অ্যাপ্লিকেশনগুলো সাধারণত হয়ে থাকে বাণিজ্যিকভিত্তিতে, তবে ফ্রিওয়্যারও হতে পারে সীমিত লাইসেন্স রিকোয়ারমেন্টের ভিত্তিতে।

**রাইসআপ :** এটি ই-মেইল সার্ভিস অ্যাক্টিভিস্টদের জন্য এবং অ্যাক্টিভিস্টদের মাধ্যমে চালিত হয়। এতে নিরাপদে অ্যাক্সেস করা যায় ওয়েবমেইলের মাধ্যমে অথবা ই-মেইল ক্লায়েন্টে, যেমন মজিলা থান্ডারবার্ড।

**রুটিং :** অ্যান্ড্রয়িড ফোনের আনলকিং ফিচারের প্রসেস, যেগুলো হয় ম্যানুফেকচারের মাধ্যমে ব্লক হয়েছে অথবা মোবাইল ক্যারিয়ারের মাধ্যমে, যাতে অপারেটিং সিস্টেমে সম্পূর্ণ অ্যাক্সেস করতে পারে।

**রাউটার :** একটি নেটওয়ার্কিং ইকুইপমেন্টের অংশ, যার মাধ্যমে কমপিউটার লোকাল নেটওয়ার্কে যুক্ত হয় ও বিভিন্ন লোকাল ইন্টারনেট নেটওয়ার্কে অ্যাক্সেস করে। সুইচ, গেটওয়ে ও হাব একই ধরনের কাজ করে যেমনটি করে কমপিউটরের জন্য ওয়্যারলেস অ্যাক্সেস পয়েন্ট, যা ব্যবহারের জন্য যথাযথভাবে সজ্জিত থাকে।

**সিকিউর পাসওয়ার্ড ডাটাবেজ :** এমন এক টুল, যা সিঙ্গেল মাস্টার পাসওয়ার্ড ব্যবহার করে পাসওয়ার্ড এনক্রিপ্ট ও স্টোর করে।

**সিকিউর সকেটস লেয়ার :** আপনার ভিজিট করা কিছু ওয়েবসাইট ও ইন্টারনেট সার্ভিসের এবং আপনার কমপিউটারের মাঝে নিরাপদ এবং এনক্রিপটেড সংযোগকে মেইনটেইন করার জন্য অনুমোদন দেয় যে টেকনোলজি। এসএসএলের মাধ্যমে আপনি যখন কোনো ওয়েবসাইটে যুক্ত হবেন, তখন ওয়েবসাইটের অ্যাড্রেস শুরু হবে HTTP-র পরিবর্তে HTTPS দিয়ে।

**সিকিউরিটি পলিসি :** একটি লিখিত ডকুমেন্ট, যা বর্ণনা করে আপনার প্রতিষ্ঠান যেভাবে বিভিন্ন হুমকি থেকে নিজেকে সুরক্ষিত করবে। এতে নিরাপত্তাসংশ্লিষ্ট গৃহীত বিভিন্ন কর্মসূচির লিস্ট সম্পৃক্ত থাকে।

**সিকিউরিটি ক্যাবল :** এটি লক করার ক্যাবল, যা ল্যাপটপকে এক্সটারনাল হার্ডড্রাইভ, কিছু ডেস্কটপ কমপিউটার অথবা হার্ডওয়্যারের অন্যান্য অংশ সিকিউর করতে ব্যবহার হয়।

**সার্ভার :** একটি কমপিউটার, যা অন থাকে এবং ইন্টারনেটে যুক্ত থাকে, যাতে কিছু সার্ভিস দিতে পারে তেমন একটি ওয়েবপেজ হোস্টিং বা অন্য কমপিউটারে ই-মেইল সেন্ড ও রিসিভ করে।

**সিম কার্ড :** একটি ছোট রিমুভাল কার্ড, যা মোবাইল ফোনে ঢোকানো হয়, যাতে বিশেষ মোবাইল কোম্পানিতে সার্ভিস দিতে পারে। সিম কার্ড ফোন নাম্বার ও টেক্সট মেসেজ স্টোর করতে পারে।

**স্কাইপে :** একটি ফ্রিওয়্যার ভয়েজ ওভার আইপি টুল বা অন্যান্য স্কাইপে ইউজারদের সাথে বিনা পয়সায় কথার বলার সুযোগ দেয় এবং টেলিফোন কলের জন্য ফি দিতে হয়। এই কোম্পানি দাবি করে যে অন্যান্য ইউজারের সাথে কথোপকথন সম্পূর্ণরূপে এনক্রিপটেড। কেননা এটি ক্লোজড সোর্স টুল।

**সোর্স কোর্ড :** কমপিউটার প্রোগ্রামারের মাধ্যমে লিখিত কোড, যা সফটওয়্যার তৈরিতে ব্যবহার হয়। সোর্স কোড নির্দিষ্ট টুলের জন্য উন্মোচন করে কীভাবে এটি কাজ করে এবং এটি অনিরাপদ বা ম্যালিশাস হতে পারে।

**স্পাইবট :** একটি ফ্রিওয়্যার অ্যান্টিম্যালওয়্যার টুল বা স্ক্যান করে ক্ষতিকর ভাইরাস অপসারণের জন্য এবং কমপিউটারকে স্পাইওয়্যার থেকে রক্ষা করে।

**থান্ডারবার্ড :** একটি FOSS ই-মেইল প্রোগ্রা,ম যেখানে বেশ কিছু সিকিউরিটি ফিচার সম্পৃক্ত রয়েছে। এটি ইঞ্জিনমেইল এনক্রিপশন অ্যাড-অন সাপোর্ট করে কজ

***ফিডব্যাক : mahmood_sw@yahoo.com***